

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-২ শাখা
Website: www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.০০০০.০৮৫.০১৬.০৬৩.২০১৭-৫৫০

তারিখঃ ০৮/০৮/২০১৭ খ্রিঃ

বিষয় : রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবনসহ এলাকার সার্বিক ড্রেনেজ ব্যবস্থা এবং জলাবদ্ধতা নিরসন প্রসঙ্গে।

সূত্র : রাষ্ট্রপতির কার্যালয়ের স্মারক নং-০২.০০.০০০০.০০৮.০২.০১৪.১৭-২০০, তারিখঃ ০১/০৮/২০১৭

রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন মহামান্য রাষ্ট্রপতির অফিস তথা বাসভবন, যা বিশেষ শ্রেণীর কেপিআই। বঙ্গভবন এবং বঙ্গভবনসহ আবাসিক এলাকার অপরিষ্কার ড্রেনেজ ব্যবস্থার কারণে বর্ষকালো সামান্য বৃষ্টি হলেই পানি জমে থাকে এবং অতি বৃষ্টিতে পানি সহজেই নিষ্কাশিত না হয়ে জলাবদ্ধতার সৃষ্টি হচ্ছে। জলাবদ্ধতার কারণে রাস্তাঘাট চলাচলের উপযোগী থাকে না বিধায় মহামান্য রাষ্ট্রপতির নিকট আগত ভিডিওআইপিসহ পারিবারিক কাজে নিয়োজিত ব্যক্তিবর্গ এবং রাষ্ট্রপতির কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীগণের অফিসে যাতায়তসহ দায়িত্ব পালনে নানাবিধ সমস্যার সৃষ্টি হচ্ছে। কাপ্তানবাজারসহ আশেপাশের এলাকার পানি/নোংরা আবর্জনা বৃষ্টির পানির সাথে বঙ্গভবন এবং বঙ্গভবনসহ আবাসিক এলাকায় প্রবেশ করেছে। এর ফলে পানি ও মশাবাহিত রোগসহ নানা রোগের উপসর্গ দেখা যাচ্ছে। জলাবদ্ধতা নিরসনে বঙ্গভবনসহ অভ্যন্তরীণ এবং বহির্গমনের ড্রেনেজ ব্যবস্থা উন্নতকরণের পাশাপাশি লাইনসমূহ নিয়মিত পরিষ্কার রাখা প্রয়োজন।

২। এমতাবস্থায়, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবনসহ এলাকার সার্বিক ড্রেনেজ ব্যবস্থা উন্নতকরণ এবং জলাবদ্ধতা নিরসনে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


সংযুক্তিঃ বর্ণনামতে ০১ ফর্দ।

১। প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
নগর ভবন, ঢাকা।

২। ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :

- ১। অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।
- ২। মহামান্য রাষ্ট্রপতির একান্ত সচিব, বঙ্গভবন, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৪। মহামান্য রাষ্ট্রপতির সামরিক সচিবের একান্ত সচিব, বঙ্গভবন, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৬। সিনিয়র সহকারী সচিব (সাধারণ), বঙ্গভবন, ঢাকা।
- ৭। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।


(ড. কে এম কামরুল হোসেন সেলিম)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৩৭০
e-mail: watersupply_02@yahoo.com